গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

**বিষয়ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আসাদুল ইসলাম<br>সচিব |
| সভার তারিখ | ঃ | ৩০-০১-২০১৯ খ্রি. |
| সভার সময় | ঃ | বেলা ২.৩০ টা |
| সভার স্থান | | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিত কর্মকর্তাগনের তালিকা | ঃ | পরিশিষ্ট-'ক' তে সন্নিবেশ করা হয়েছে। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট)কে অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (বাজেট) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্রের আলোকে স্বাস্থ্য সেবা বিভাগের বাজেট অনুবিভাগ থেকে গৃহীত কার্যক্রম সংক্ষেপে উল্লেখপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) ০৯.০১.২০১৯খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সুপারিশমালা পর্যালোচনার জন্য উপস্থাপন করেন। আলোচনা পর্যায়ে অতিরিক্ত সচিব সভাপতির সম্মতিক্রমে চলতি ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত বাজেটের বিস্তারিত বিষয় উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট)কে আহবান জানান। যুগ্মসচিব স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৮-১৯ অর্থ বছরের মূল বাজেট এবং প্রস্তাবিত সংশোধিত নিম্নরূপ বাজেট উপস্থাপন করেনঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংস্থা/প্রতিষ্ঠান | ২০১৮-১৯ এর বাজেট | ২০১৮-১৯ এর সংশোধিত বাজেট |
|---|---|---|---|
| ১ | সচিবালয় | ১,০২২৫৭.৩৪ | ৮১০,০৬.৩৫ |
| ২ | স্বাস্থ্য অধিদপ্তর | ৬,৫৫৪৮৫.৭৪ | ৬,৭৯৯,১৬,৬৯ |
| ৩ | ঔষধ প্রশাসন অধিদপ্তর | ২০৯৪.৯২ | ২২৭৭.৭৯ |
| ৪ | নার্সিং ও মিডওয়াফারী অধিদপ্তর | ১,৩৯৪২৫.৭৩ | ১,২৩৭,৯২.১৭ |
| ৫ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ১৩৩০৪.২৭ | ১৩৭,৭৫.০০ |
| | **মোট** | **৯,১২৫৬৮.০০** | **৯,০০৭,৬৮.০০** |

২। যুগ্মসচিব (বাজেট) ড. মোঃ এনামুল হক সভাকে অবহিত করেন যে, ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট প্রণয়ন কালে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের অধীন ৪৯টি নার্সিং ইনস্টিটিউট ও ১৫টি নার্সিং কলেজের পরিচালন বাজেট স্বাস্থ্য সেবা বিভাগে অন্তর্ভূক্ত করা হয়। কিন্তু আইবাস++ এ বর্ণিত নার্সিং ইনস্টিটিউট ও কলেজগুলি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীনে অন্তর্ভূক্ত রয়েছে। ফলে বর্ণিত প্রতিষ্ঠানগুলির আর্বতক ব্যয় ও অন্যান্য পরিচালন খরচ নির্বাহে সমস্যা দেখা দেয়। এ বিষয়ে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (বাজেট-১)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নার্সিং ইনস্টিটিউট ও কলেজগুলি পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় অর্থ স্বাস্থ্য সেবা বিভাগ হতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহিত হয়। তৎপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের মূল বাজেট হতে ১১৮.০০ কোটি টাকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে স্থানান্তরের জন্য অর্থ বিভাগে সম্মতি জ্ঞাপন করা হয়। বিস্তারিত আলোচনা শেষে স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত হ্রাসকৃত ৯,০০৭.৬৮ কোটি টাকার বাজেট সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং সে অনুযায়ী প্রতিষ্ঠান/খাত ভিত্তিক প্রয়োজনীয় সংশোধনের জন্য সভায় একমত পোষণ করা হয়।

৩। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ এবং সিলেট এমএজি ওসমানী কলেজ ও হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ৮.৮৯ কোটি টাকার ১টি কর্মসূচি গ্রহণ করা হয়। ২০১৭-১৮ অর্থ বছরে কর্মসূচির ৩,১৯,৯৩,০০০/- টাকা ব্যয় হয়। নতুন বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুযায়ী উক্ত কর্মসূচি এডিপি বহির্ভূত কর্মসূচি হিসাবে উন্নয়ন বাজেট থেকে বরাদ্দ প্রদান করতে হবে। তাই সংশোধিত বাজেটে এডিপি বহির্ভূত কর্মসূচি হিসাবে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ এবং সিলেট এমএজি ওসমানী কলেজ ও হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য পরিকল্পনা বিভাগ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানসহ ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে তিনি মত প্রকাশ করেন। সরকারি এ্যাম্বুলেন্স মেরামতের আর্থিক ক্ষমতা বৃদ্ধির জন্য স্বাস্থ্য অধিদপ্তরের প্রস্তাবটি সভায় উপস্থাপন করা হয়। প্রস্তাবে স্বাস্থ্য অধিদপ্তর মন্ত্রণালয়ের বর্তমান ক্ষমতা ৩.০০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ১৫.০০ লক্ষ টাকা, মহাপরিচালকের ক্ষমতা ২.০০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ১০.০০ লক্ষ টাকা, বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ের কর্মকর্তাদের ক্ষমতা ১.৫ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ৬.০০ লক্ষ টাকা, জেলা পর্যায়ের কর্মকর্তাদের ক্ষমতা ১.০০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ৪.৫০ লক্ষ টাকা এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের ক্ষমতা ৫০.০০ হাজার টাকা হতে বৃদ্ধি করে ৩.০০ লক্ষ টাকায় উন্নীত করার প্রস্তাব প্রেরণ করেছে। যানবাহন মেরামত খাতে যন্ত্রপাতির বর্তমান বাজারদর ও বাস্তবতা বিবেচনায় বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ অনুযায়ী সরকারি এ্যাম্বুলেন্স মেরামতের আর্থিক ক্ষমতা অর্পণের সংশোধিত আদেশ জারির নিমিত্ত প্রস্তাবটি অর্থ বিভাগে প্রেরণে সভায় একমত পোষণ করা হয়।

৪। অর্থ বিভাগের উপসচিব জনাব মোঃ আবদুস ছামাদ সভাকে জানান যে, বেসরকারি প্রতিষ্ঠানের নিজস্ব আয় ও সেবার মান বিবেচনা করে সাহায্য মঞ্জুরীর অধীনে বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানকে অর্থ প্রদান করতে হবে। পরবর্তী অর্থ বছর থেকে বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের হিসাব বাজেটে যাতে প্রতিফলিত হয় সে জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি তিনি অনুরোধ জানান।

৫। জনাব বাবলু কুমার সাহা, অতিরিক্ত সচিব (হাসপাতাল) জানান যে, যন্ত্রপাতি এবং অবকাঠামো মেরামতের জন্য পরিচালন বাজেট থেকে প্রয়োজন অনুযায়ী বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু মেরামত কাজের গুনগত মান নিয়ে প্রশ্নের সম্মুখীন হতে হয়। মেরামত কাজের গুণগত মান বজায় রাখার জন্য তিনি প্রকৌশল বিভাগ, নিমিউ এন্ড টিসি ও টেমোর কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।

৬। সভায় গৃহীত সিদ্ধান্তঃ

(ক) ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত সংশোধিত বাজেট অনুমোদন করা হয়;

(খ) ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত বাজেটে এডিপি বহির্ভূত কর্মসূচি হিসাবে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ এবং সিলেট এমএজি ওসমানী কলেজ ও হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা অনুবিভাগ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) সরকারি এ্যাম্বুলেন্স মেরামতের আর্থিক ক্ষমতা বৃদ্ধির সংশোধিত প্রস্তাব অনুমোদন করা হয়। আর্থিক ক্ষমতা বৃদ্ধির নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণসহ সরকারি আদেশ জারির জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে।

(ঘ) হাসপাতালের অবকাঠামো/মেরামত ও নির্মাণ এবং যন্ত্রপাতি ও যানবাহন মেরামতের ক্ষেত্রে গুনগতমান বজায় রাখতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং ৪৫.০০.০০.০০.১৩৯.২০.০১৯.২০১৮- ৭২

তারিখঃ ০৫-০২-২০১৯খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০৫/০২/১৯

(ড. মোঃ এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

<u>বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/পরিকল্পনা কমিশন/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। কর্মসূচি পরিচালক ও উপপরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
১০। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।